গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৬৬

**রাজশাহীতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে নির্বাচনী সমন্বয় সভা অনুষ্ঠিত**

রাজশাহী; ২ পৌষ (১৭ ডিসেম্বর):

আজ বুধবার (১৭ ডিসেম্বর) বিকালে রাজশাহী সার্কিট হাউজ সম্মেলনকক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে বিভাগীয় কমিশনার ড. আ.ন.ম. বজলুর রশীদ এর সভাপতিত্বে নির্বাচনী সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

সমন্বয় সভায় নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা এবং বিভিন্ন নির্বাচনী প্রতিকূলতার সমাধানের উদ্দেশ্যে বিভাগীয় কমিশনার জেলা পর্যায়ের নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে কথা বলেন। এসময় নির্বাচনকালীন আচরণবিধি প্রতিপালন ও অপরাধ দমন এবং আইন-শৃঙ্খলা ব্যবস্থার তৎপরতা, ভোটকেন্দ্রে নিরাপত্তা রক্ষা, নির্বাচনী প্রস্তুতি সমন্বয় এবং গণভোট ও পোস্টাল ভোট বিষয়ে তৃণমূল পর্যায়ে প্রচারণা বিষয়ক দিকনির্দেশনা প্রদান করা হয়।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাজশাহী রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক মোহাম্মদ শাহজাহান, আরএমপি কমিশনার ড. মো. জিল্লুর রহমান, বিজিবি সেক্টর কমান্ডার কর্ণেল সৈয়দ কামাল হোসেন, রাজশাহী রেঞ্জের আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পরিচালক মো. শফিকুল ইসলাম, রাজশাহী অঞ্চলের আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সেনাবাহিনীর কমান্ডিং অফিসার, র‍্যাব-৫ এর অধিনায়ক, সিরাজগঞ্জ র‍্যাব-১২ এর অধিনায়ক। এসময় বিভাগের আট জেলার জেলা প্রশাসক, পুলিশ সুপার, নির্বাচন কর্মকর্তা এবং আনসার-ভিডিপি কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন।

সমন্বয় সভা শেষে বিভাগীয় কমিশনার সাংবাদিকদের উদ্দেশ্যে প্রেস ব্রিফিং এ অংশ নেন।

অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনের জন্য চ্যালেঞ্জসমূহ মোকাবিলা প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিভাগীয় কমিশনার বলেন, নির্বাচনের জন্য আমাদের তেমন কোন চ্যালেঞ্জ নেই। আমরা এখন মূলত সমন্বয় জোরদার করার দিকে মনোযোগ দিচ্ছি। এক্ষেত্রে আমরা নির্বাচন কমিশন ও সরকারি নির্দেশনা মোতাবেক কাজ করবো।

এবারের নির্বাচন অন্যান্যবারের মত হবে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, মাননীয় প্রধান উপদেষ্টা বলেছেন যে এবারের নির্বাচন হবে একটি ঐতিহাসিক নির্বাচন। এই ঐতিহাসিক নির্বাচনের যুগসন্ধিক্ষণে আমরা দাঁড়িয়ে আছি। একটি সুষ্ঠু, সুন্দর ও গ্রহণযোগ্য নির্বাচন করার মাধ্যমে আমরা নিজেদের প্রমাণ করবো।

অস্ত্র অভিযান এবং অপারেশন ডেভিল হান্টের দ্বিতীয় পর্যায়ের ব্যাপারে সাংবাদিকদের করা এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমাদের মাঠ পর্যায়ের সকল বাহিনীর সহায়তা নিয়ে এই অভিযান পরিচালিত হচ্ছে। অস্ত্র অভিযানের ক্ষেত্রেও তৎপরতা অব্যাহত আছে। ইতোমধ্যে আমরা বেশ কিছু অস্ত্র উদ্ধার করেছি। এ ব্যাপারে আমাদের দিকনির্দেশনা দেওয়া আছে এবং অভিযান চলমান রয়েছে।

নির্বাচনে সাংবাদিকদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে সাংবাদিকদের উদ্দেশ্যে বিভাগীয় কমিশনার বলেন, আমরা চাই আপনারা জনগণের কাছে যান এবং জনগণের সাথে আমাদের সেতুবন্ধন স্থাপন করেন। সকলের অংশগ্রহণে আমরা নির্বাচন কার্যক্রমে গতিশীলতা বাড়াবো।

এসময় নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য করতে সর্বোচ্চ প্রচেষ্টার কথা পুনর্ব্যক্ত করেন তিনি।

..............................................

স্মিতা/আতিক/২০২৫/২১:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd